রেজিস্টার্ড নং ডি এ-১

২০১৭ সনের ০৯ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ২, ২০১৭

সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ১০৩—১১০ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ২৭৫—৩০২ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২০৩—২৩২ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ১৩-১৪ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) .....সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) .....বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) ..... বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) ..... কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) ..... তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিবিধ প্রজ্ঞাপনসমূহ।

### প্রধানমন্ত্রীর কার্যালয়

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৪ পৌষ ১৪২৩ বঃ/২৮ ডিসেম্বর ২০১৬ খ্রিঃ

**নং ০৩.০৬৮.০১৪.০৯.০০.১৪.২০১৫(অংশ-১)-৭৩১**—বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) এর আওতায় Chinese Econocic & Industrial Zone (CEIZ) গঠনের লক্ষ্যে বাংলাদেশ ও চীন এর মধ্যে স্বাক্ষরিত MoU অনুযায়ী বাংলাদেশ সরকারের পক্ষে নিম্নবর্ণিতভাবে ওয়ার্কিং গ্রুপ গঠন করা হলো :

১. নির্বাহী সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন), বেজা;

২. মহাপরিচালক (ইস্ট এশিয়া ও প্যাসিফিক); পররাষ্ট্র মন্ত্রণালয়;

৩. ব্যবস্থাপক (এমআইএস ও গবেষণা), বেজা;

৪. পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়; এবং

৫. অর্থনৈতিক সম্পর্ক বিভাগের প্রতিনিধি।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাফিউল হাসান**
পরিচালক-১।

### জাতীয় রাজস্ব বোর্ড

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ০৭ পৌষ ১৪২৩ বঙ্গাব্দ/২১ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৩(২২)কর প্রশাসন-১/৮৯/৪৪৪**—জনাব অনিমেষ রায়, কর কমিশনার (চঃদাঃ), কর অঞ্চল-রংপুর (বর্তমানে সদস্য, ট্যাকসেস্ আপীলাত ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-খুলনা) এর বিরুদ্ধে অর্থ

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২০-১২-২০১৬ খ্রিঃ তারিখের ০৮.০০.০০০০.০৩৭.২৭.০৮০.১৩-৬৯১ নং প্রজ্ঞাপন মূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী "অসদাচরণ (Misconduct)" এর দায়ে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার বিধি ৪(৩)(এ) মোতাবেক নিম্নপদে পদাবনত দণ্ড আরোপ করা হয়। পদাবনত দণ্ড প্রাপ্ত কর্মকর্তা জনাব অনিমেষ রায়, কর কমিশনার (চঃদাঃ), কর অঞ্চল-রংপুর (বর্তমানে সদস্য ট্যাকসেস্ আপীলাত ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-খুলনা)-কে যুগ্ম কর কমিশনার হিসেবে পরবর্তী পদায়নের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডে সংযুক্ত করা হলো।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং অবিলম্বে এ আদেশ কার্যকর হবে।

**নং ০৮.০১.০০০০.০১৯.০৩.০৪৫.১৪/৪৪৫**—জনাব মোঃ রিয়াজুল ইসলাম, অতিরিক্ত কর কমিশনার (চঃদাঃ), কর অঞ্চল-রংপুর (বর্তমানে অতিরিক্ত কর কমিশনার (চঃদাঃ), কর অঞ্চল-খুলনা) এর বিরুদ্ধে অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২০-১২-২০১৬ খ্রিঃ তারিখের ০৮.০০.০০০০.০৩৭.২৭.০৮০.১৩-৬৯২ নং প্রজ্ঞাপন মূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী "অসদাচরণ (Misconduct)" এর দায়ে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার বিধি ৪(৩)(এ) মোতাবেক নিম্নপদে পদাবনত দণ্ড আরোপ করা হয়। পদাবনত দণ্ড প্রাপ্ত কর্মকর্তা জনাব মোঃ রিয়াজুল ইসলাম, অতিরিক্ত কর কমিশনার (চঃদাঃ), কর অঞ্চল-রংপুর (বর্তমানে অতিরিক্ত কর কমিশনার (চঃদাঃ), কর অঞ্চল-খুলনা)-কে উপকর কমিশনার হিসেবে পরবর্তী পদায়নের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডে সংযুক্ত করা হলো।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং অবিলম্বে এ আদেশ কার্যকর হবে।

**নং ৩(২৭)কর প্রশাসন-১/২০০৫/৪৪৬**—জনাব মোহাম্মদ আমিরুল করিম মুন্সী, উপ কর কমিশনার, কর অঞ্চল-রংপুর (বর্তমানে উপ কর কমিশনার, কর অঞ্চল-৬, ঢাকা) এর বিরুদ্ধে অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২০-১২-২০১৬ খ্রিঃ তারিখের ০৮.০০.০০০০.০৩৭.২৭.০৮০.১৩-৬৯৩ নং প্রজ্ঞাপন মূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী "অসদাচরণ (Misconduct)" এর দায়ে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার বিধি ৪(৩)(এ) মোতাবেক নিম্নপদে পদাবনত দণ্ড আরোপ করা হয়। পদাবনত দণ্ড প্রাপ্ত কর্মকর্তা জনাব মোহাম্মদ আমিরুল করিম মুন্সী, উপ কর কমিশনার, কর অঞ্চল-রংপুর (বর্তমানে উপ কর কমিশনার, কর অঞ্চল-৬, ঢাকা)-কে সহকারী কর কমিশনার হিসেবে পরবর্তী পদায়নের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডে সংযুক্ত করা হলো।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং অবিলম্বে এ আদেশ কার্যকর হবে।

**এম ইদ্রিস সিদ্দিকী**
প্রথম সচিব (কর প্রশাসন)।

**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**অধিশাখা-২(কর)**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ০৬ পৌষ ১৪২৩ বঙ্গাব্দ/২০ ডিসেম্বর ২০১৬ খ্রিঃ

**নং ০৮.০০.০০০০.০৩৭.২৭.০৮০.১৩-৬৯১**—যেহেতু, জনাব অনিমেষ রায়, কর কমিশনার (চ.দা.), কর অঞ্চল-রংপুর (বর্তমানে-সদস্য, ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-খুলনা) এর বিরুদ্ধে কর অঞ্চল-রংপুর এর ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারী নিয়োগ পরীক্ষায় অনিয়মের অভিযোগ উত্থাপিত হওয়ায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী "অসদাচরণ (Misconduct)" এর অভিযোগ আনয়নপূর্বক বিভাগীয় মামলা রুজু করা হয় এবং একই বিধিমালার বিধি ৪(২) অনুযায়ী কোন শাস্তি প্রদান করা হবে না তার কারণ লিখিতভাবে দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হয়।

যেহেতু, জনাব অনিমেষ রায় কারণ দর্শানোর লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানী প্রার্থনা করেন। তার লিখিত জবাব সন্তোষজনক না হওয়ায় ও মামলা চলার মত পর্যাপ্ত ভিত্তি থাকায় এবং অভিযোগ প্রতিষ্ঠিত হলে তজ্জন্য গুরুদণ্ড আরোপযোগ্য হবে বিধায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২) অনুযায়ী বিভাগীয় মামলাটি তদন্তের জন্য ০৩(তিন) জন কর্মকর্তার সমন্বয়ে একটি তদন্ত বোর্ড গঠন করা হয়। তদন্ত বোর্ড দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তা জনাব অনিমেষ রায় এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ধারায় আনীত "অসদাচরণ (Misconduct)" এর অভিযোগ প্রমাণিত হয়।

যেহেতু, তদন্ত বোর্ড কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ধারায় আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ অনুযায়ী দণ্ড নির্ধারণপূর্বক জনাব অনিমেষ রায় এর বিপরীতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(এ) মোতাবেক কেন নিম্ন পদে নামাইয়া দেয়া হবে না সে মর্মে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়।

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ খণ্ডণের জন্য যৌক্তিক না হওয়ায় জনাব অনিমেষ রায়-কে নিম্ন পদে পদাবনত দণ্ড প্রদানের বিষয়ে এ বিভাগ কর্তৃক সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং এ বিভাগের সিদ্ধান্তের বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় এর মতামত চাওয়া হয়।

যেহেতু, তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ বিবেচনায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(এ) অনুসারে নিম্নপদে পদাবনত দণ্ড প্রদানের বিষয়ে এ বিভাগের সাথে কমিশন একমত পোষণ করেছে।

যেহেতু, উক্ত কর্মকর্তাকে নিম্নপদে পদাবনত দণ্ড প্রদান করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি গত ১৫-১২-২০১৬ খ্রিঃ তারিখে সদয় অনুমোদন করেছেন।

এক্ষণে, সেহেতু, জনাব অনিমেষ রায়, কর কমিশনার (চ.দা.), কর অঞ্চল-রংপুর (বর্তমানে-সদস্য, ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-খুলনা)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(এ) মোতাবেক নিম্নপদে পদাবনত করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ০৮.০০.০০০০.০৩৭.২৭.০৮০.১৩-৬৯২**—যেহেতু, জনাব মোঃ রিয়াজুল ইসলাম, অতিরিক্ত কর কমিশনার (চ.দা.), কর অঞ্চল-রংপুর (বর্তমানে-অতিরিক্ত কর কমিশনার (চ.দা.), কর অঞ্চল-খুলনা) এর বিরুদ্ধে কর অঞ্চল-রংপুর এর ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারী নিয়োগ পরীক্ষায় অনিয়মের অভিযোগ উত্থাপিত হওয়ায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী "অসদাচরণ (Misconduct)" এর অভিযোগ আনয়নপূর্বক বিভাগীয় মামলা রুজু করা হয় এবং একই বিধিমালার বিধি ৪(২) অনুযায়ী কোন শাস্তি প্রদান করা হবে না তার কারণ লিখিতভাবে দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হয়।

যেহেতু, জনাব মোঃ রিয়াজুল ইসলাম কারণ দর্শানোর লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানী প্রার্থনা করেন। তার লিখিত জবাব সন্তোষজনক না হওয়ায় ও মামলা চলার মত পর্যাপ্ত ভিত্তি থাকায় এবং অভিযোগ প্রতিষ্ঠিত হলে তজ্জন্য গুরুদণ্ড আরোপযোগ্য হবে বিধায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২) অনুযায়ী বিভাগীয় মামলাটি তদন্তের জন্য ০৩(তিন) জন কর্মকর্তার সমন্বয়ে একটি তদন্ত বোর্ড গঠন করা হয়। তদন্ত বোর্ড দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ রিয়াজুল ইসলাম এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ধারায় আনীত "অসদাচরণ (Misconduct)" এর অভিযোগ প্রমাণিত হয়।

যেহেতু, তদন্ত বোর্ড কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ধারায় আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ অনুযায়ী দণ্ড নির্ধারণপূর্বক জনাব মোঃ রিয়াজুল ইসলাম এর বিপরীতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(এ) মোতাবেক কেন নিম্ন পদে নামাইয়া দেয়া হবে না সে মর্মে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়।

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ খণ্ডণের জন্য যৌক্তিক না হওয়ায় জনাব মোঃ রিয়াজুল ইসলাম-কে নিম্ন পদে পদাবনত দণ্ড প্রদানের বিষয়ে এ বিভাগ কর্তৃক সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং এ বিভাগের সিদ্ধান্তের বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় এর মতামত চাওয়া হয়।

যেহেতু, তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ বিবেচনায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(এ) অনুসারে নিম্নপদে পদাবনত দণ্ড প্রদানের বিষয়ে এ বিভাগের সাথে কমিশন একমত পোষণ করেছে।

যেহেতু, উক্ত কর্মকর্তাকে নিম্নপদে পদাবনত দণ্ড প্রদান করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি গত ১৫-১২-২০১৬ খ্রিঃ তারিখে সদয় অনুমোদন করেছেন।

এক্ষণে, সেহেতু, জনাব মোঃ রিয়াজুল ইসলাম, অতিরিক্ত কর কমিশনার (চ.দা.), কর অঞ্চল-রংপুর (বর্তমানে-অতিরিক্ত কর কমিশনার (চ.দা.), কর অঞ্চল-খুলনা)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(এ) মোতাবেক নিম্নপদে পদাবনত করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ০৮.০০.০০০০.০৩৭.২৭.০৮০.১৩-৬৯৩**—যেহেতু, জনাব মোহাম্মদ আমিরুল করিম মুন্সী, উপ কর কমিশনার কর অঞ্চল-রংপুর (বর্তমানে-উপ কর কমিশনার, কর অঞ্চল-৬, ঢাকা) এর বিরুদ্ধে কর অঞ্চল-রংপুর এর ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারী নিয়োগ পরীক্ষায় অনিয়মের অভিযোগ উত্থাপিত হওয়ায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী "অসদাচরণ (Misconduct)" এর অভিযোগ আনয়নপূর্বক বিভাগীয় মামলা রুজু করা হয় এবং একই বিধিমালার বিধি ৪(২) অনুযায়ী কোন শাস্তি প্রদান করা হবে না তার কারণ লিখিতভাবে দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হয়।

যেহেতু, জনাব মোহাম্মদ আমিরুল করিম মুন্সী কারণ দর্শানোর লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানী প্রার্থনা করেন। তার লিখিত জবাব সন্তোষজনক না হওয়ায় ও মামলা চলার মত পর্যাপ্ত ভিত্তি থাকায় এবং অভিযোগ প্রতিষ্ঠিত হলে তজ্জন্য গুরুদণ্ড আরোপযোগ্য হবে বিধায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২) অনুযায়ী বিভাগীয় মামলাটি তদন্তের জন্য ০৩(তিন) জন কর্মকর্তার সমন্বয়ে একটি তদন্ত বোর্ড গঠন করা হয়। তদন্ত বোর্ড দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তা জনাব মোহাম্মদ আমিরুল করিম মুন্সী এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ধারায় আনীত "অসদাচরণ (Misconduct)" এর অভিযোগ প্রমাণিত হয়।

যেহেতু, তদন্ত বোর্ড কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ধারায় আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ অনুযায়ী দণ্ড নির্ধারণপূর্বক জনাব মোহাম্মদ আমিরুল করিম মুন্সী এর বিপরীতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(এ) মোতাবেক কেন নিম্ন পদে নামাইয়া দেয়া হবে না সে মর্মে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়।

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ খণ্ডণের জন্য যৌক্তিক না হওয়ায় জনাব মোহাম্মদ আমিরুল করিম মুন্সী-কে নিম্ন পদে পদাবনত দণ্ড প্রদানের বিষয়ে এ বিভাগ কর্তৃক সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং এ বিভাগের সিদ্ধান্তের বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় এর মতামত চাওয়া হয়।

যেহেতু, তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ বিবেচনায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(এ) অনুসারে নিম্নপদে পদাবনত দণ্ড প্রদানের বিষয়ে এ বিভাগের সাথে কমিশন একমত পোষণ করেছে।

যেহেতু, উক্ত কর্মকর্তাকে নিম্নপদে পদাবনত দণ্ড প্রদান করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি গত ১৫-১২-২০১৬ খ্রিঃ তারিখে সদয় অনুমোদন করেছেন।

এক্ষণে, সেহেতু, জনাব মোহাম্মদ আমিরুল করিম মুন্সী, উপ কর কমিশনার, কর অঞ্চল-রংপুর (বর্তমানে-উপ কর কমিশনার, কর অঞ্চল-৬, ঢাকা)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(এ) মোতাবেক নিম্নপদে পদাবনত করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নজিবুর রহমান**
সিনিয়র সচিব।

**ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রীয় ব্যাংক অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২৬ ডিসেম্বর ২০১৬

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০৩৬.১৬-৮০৬**—পল্লী সঞ্চয় ব্যাংক আইন, ২০১৪ এর ১১(১)(ঘ) ধারার বিধান অনুযায়ী পল্লী সঞ্চয় ব্যাংকের পরিচালনা পর্ষদের পরিচালক জনাব নরেন দাস, যুগ্মসচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, ঢাকা এর পরিবর্তে একই বিভাগের যুগ্মসচিব জনাব হুমায়ুন ফরহাদ-কে উক্ত ব্যাংকের পরিচালনা পর্ষদের পরিচালক হিসেবে ৩(তিন) বছরের জন্য নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ০১ জানুয়ারি ২০১৭

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০০১.১৬-০১**—বাংলাদেশ ব্যাংক অর্ডার, ১৯৭২ (রাষ্ট্রপতির ১৯৭২ সনের ১২৭ নং অর্ডার) এর ৯(৩)(সি) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনাব এ. কে. এম আফতাব উল ইসলাম, এফসিএ, ইসলাম আফতাব কামরুল এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস-কে বাংলাদেশ ব্যাংকের পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে ৩(তিন) বছরের জন্য নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ০২ জানুয়ারি ২০১৭

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০৩১.১৬-০৩**—ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ আইন, ২০১৪ এর ৭(১)(গ) ধারা অনুসারে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর পরিচালনা পর্ষদের পরিচালক জনাব এস, এম মনিরুজ্জামান, ডেপুটি গভর্নর, বাংলাদেশ ব্যাংক এর পরিবর্তে জনাব মোঃ আবদুর রহিম, নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক-কে উক্ত কর্পোরেশনের পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ০৩ জানুয়ারি ২০১৭

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০১৮.১৬-১০**—আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংক আইন, ১৯৯৫ এর ৯(৪) ধারা অনুযায়ী জনাব মানজুরুল আলম, সাবেক জেলা খাদ্য নিয়ন্ত্রক- কে আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংক-এর পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে ০৩(তিন) বছরের জন্য নিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রিজওয়ানুল হুদা**
উপসচিব।

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**অধিশাখা-৩ (শুল্ক)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৫ পৌষ ১৪২৩ বঙ্গাব্দ/১৯ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ০৮.০০.০০০০.০৩৮.৬৫.০২৬.০৭(অংশ-১)-৯৭০**—বি.সি.এস (কাস্টমস এন্ড এক্সাইজ) ক্যাডারের কর্মকর্তা জনাব মোহাম্মদ নুরুল ইসলাম, সদস্য (টেকনিক্যাল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, ঢাকা দুর্নীতি দমন কমিশন কর্তৃক গ্রেফতার হওয়ায় এ বিভাগের ১০-১১-২০১৬ তারিখের ০৮.০০.০০০০.০৩৮.৬৫.০২৬.০৭(অংশ-১).৫৫৮ নং প্রজ্ঞাপন এর মাধ্যমে তাঁকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হয়।

২। জনাব মোহাম্মদ নুরুল ইসলাম উক্ত বরখাস্ত আদেশের বিরুদ্ধে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন (নং ১৪৬১৭/১৬) দায়ের করেন। উক্ত রীট পিটিশনের প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক গত ২৯-১১-২০১৬ তারিখে এ বিভাগের ১০-১১-২০১৬ তারিখের ০৮.০০.০০০০.০৩৮.৬৫.০২৬.০৭(অংশ-১).৫৫৮ নং প্রজ্ঞাপন এর উপর ৬(ছয়) মাসের স্থগিতাদেশ প্রদান করা হয়।

৩। এমতাবস্থায়, মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নম্বর ১৪৬১৭/১৬ এর আদেশের প্রেক্ষিতে এ বিভাগের ১০-১১-২০১৬ তারিখের ০৮.০০.০০০০.০৩৮.৬৫.০২৬.০৭(অংশ-১).৫৫৮ নং প্রজ্ঞাপনের কার্যকারিতা ৬(ছয়) মাসের জন্য স্থগিত করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নজিবুর রহমান**
সিনিয়র সচিব।

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**প্রশাসন শাখা-৫**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ০১ পৌষ ১৪২৩/১৫ ডিসেম্বর ২০১৬

**নং ২৫.০১৮.০০৫.০০২.০০.০১৬.২০১৬/৪৪৩**—যেহেতু, জনাব সাজ্জাদ হোসেন, নির্বাহী প্রকৌশলী (সাময়িক বরখাস্তকৃত), গোপালগঞ্জ গণপূর্ত বিভাগে উপ বিভাগীয় প্রকৌশলী হিসেবে কর্মরত থাকাকালীন শেখ ফজিলাতুন্নেছা মুজিব চক্ষু হাসপাতাল ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান নির্মাণ শীর্ষক প্রকল্পের কাজ বাস্তবায়নে সঠিকভাবে দায়িত্ব পালন না করার অভিযোগে এ মন্ত্রণালয়ের ০৬-১০-২০১৬ তারিখের ২৫.০১৮.০০৫.০০২.০০.০১৬.২০১৬/৩৫১ নম্বর স্মারকে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ০৯-১০-২০১৬ তারিখ উক্ত কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব প্রদান করেন এবং তার আবেদনের পরিপ্রেক্ষিতে ০৩-১১-২০১৬ তারিখ ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, উক্ত কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব, ব্যক্তিগত শুনানি ও বিভাগীয় মামলার সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি;

সেহেতু, জনাব সাজ্জাদ হোসেন, নির্বাহী প্রকৌশলী (সাময়িক বরখাস্তকৃত) এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ২৫.০১৮.০০৫.০০২.০০.০১৮.২০১৬/৪৪৪**—যেহেতু, জনাব মোঃ আব্দুল লতিফ, উপ বিভাগীয় প্রকৌশলী (ই/এম) (সাময়িক বরখাস্তকৃত), গোপালগঞ্জ গণপূর্ত বিভাগে কর্মরত থাকাকালীন শেখ ফজিলাতুন্নেছা মুজিব চক্ষু হাসপাতাল ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান নির্মাণ শীর্ষক প্রকল্পের সোলার প্যানেলের কাজ সঠিকভাবে না করার অভিযোগে এ মন্ত্রণালয়ের ০৯-১০-২০১৬ তারিখের ২৫.০১৮. ০০৫.০০২.০০.০১৮.২০১৬/৩৪১ নম্বর স্মারকে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ০৬-১০-২০১৬ তারিখে উক্ত কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব প্রদান করেন এবং তার আবেদনের পরিপ্রেক্ষিতে ০৩-১১-২০১৬ তারিখ ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, উক্ত কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব, ব্যক্তিগত শুনানি ও বিভাগীয় মামলার সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

সেহেতু, জনাব মোঃ আব্দুল লতিফ, উপ বিভাগীয় প্রকৌশলীকে (ই/এম) (সাময়িক বরখাস্তকৃত), সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ এর ২(এ) উপবিধি মোতাবেক "তিরস্কার" দণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ২৫.০১৮.০০৫.০০২.০০.০২০.২০১৬/৪৪৫**—যেহেতু, জনাব মোঃ আনোয়ারুল আজিম, নির্বাহী প্রকৌশলী (সাময়িক বরখাস্তকৃত), গোপালগঞ্জ গণপূর্ত বিভাগে উপ বিভাগীয় প্রকৌশলী হিসেবে কর্মরত থাকাকালীন শেখ ফজিলাতুন্নেছা মুজিব চক্ষু হাসপাতাল ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান নির্মাণ শীর্ষক প্রকল্পের কাজ বাস্তবায়নে সঠিকভাবে দায়িত্ব পালন না করার অভিযোগে এ মন্ত্রণালয়ের ০২-১০-২০১৬ তারিখের ২৫.০১৮.০০৫.০০২.০০.০২০.২০১৬/৩৪৫ নম্বর স্মারকে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ০৯-১০-২০১৬ তারিখে উক্ত কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব প্রদান করেন এবং তার আবেদনের পরিপ্রেক্ষিতে ০৩-১১-২০১৬ তারিখ ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, উক্ত কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব, ব্যক্তিগত শুনানি ও বিভাগীয় মামলার সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

সেহেতু, জনাব মোঃ আনোয়ারুল আজিম, নির্বাহী প্রকৌশলীকে (সাময়িক বরখাস্তকৃত), সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ এর ২(এ) উপবিধি মোতাবেক "তিরস্কার" দণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ২৫.০১৮.০০৫.০০২.০০.০২১.২০১৬/৪৪৬**—যেহেতু, জনাব প্রদীপ কুমার বসু, নির্বাহী প্রকৌশলী (সাময়িক বরখাস্তকৃত), গোপালগঞ্জ গণপূর্ত বিভাগে কর্মরত থাকাকালীন শেখ ফজিলাতুন্নেছা মুজিব চক্ষু হাসপাতাল ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান নির্মাণ শীর্ষক প্রকল্পের বাউন্ডারি ওয়াল, মাটি ভরাট, ভবনের ছাদ, ট্রিটমেন্ট প্ল্যান্ট, রিজার্ভ ট্যাংকের কাজ অসম্পূর্ণ রেখেই ঠিকাদারদের বিল প্রদান এবং প্রকল্পের কাজ বাস্তবায়নে সঠিকভাবে দায়িত্ব পালন না করার অভিযোগে এ মন্ত্রণালয়ের ০২-১০-২০১৬ তারিখের ২৫.০১৮. ০০৫.০০২.০০.০২১.২০১৬/৩৪৬ নম্বর স্মারকে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ১০-১০-২০১৬ তারিখে উক্ত কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব প্রদান করেন এবং তার আবেদনের পরিপ্রেক্ষিতে ০৩-১১-২০১৬ তারিখ ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, উক্ত কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব, ব্যক্তিগত শুনানি ও বিভাগীয় মামলার সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

সেহেতু, জনাব প্রদীপ কুমার বসু, নির্বাহী প্রকৌশলীকে (সাময়িক বরখাস্তকৃত), সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ এর ২(বি) উপবিধি মোতাবেক তার ১(এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি পরবর্তী বেতন বৃদ্ধির তারিখ হতে "০১(এক) বছরের জন্য স্থগিত" {Withholding of 1(one) increment for 1(one) year} রাখার লঘুদণ্ড প্রদান করা হলো। ভবিষ্যতে বেতন বৃদ্ধির ক্ষেত্রে তিনি এর কোনো বকেয়া সুবিধা প্রাপ্য হবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ২৫.০১৮.০০৫.০০২.০০.০১৭.২০১৬/৪৪৭**—যেহেতু, জনাব মোঃ শফিকুল ইসলাম, উপ সহকারী প্রকৌশলী (সিভিল) (সাময়িক বরখাস্তকৃত), গোপালগঞ্জ গণপূর্ত বিভাগে কর্মরত থাকাকালীন শেখ ফজিলাতুন্নেছা মুজিব চক্ষু হাসপাতাল ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান নির্মাণ শীর্ষক প্রকল্পের কাজ বাস্তবায়নে সঠিকভাবে দায়িত্ব পালন না করার অভিযোগে এ মন্ত্রণালয়ের ০৬-১০-২০১৬ তারিখের ২৫.০০. ০০০০.০১৮.২৭.০১৭.২০১৬/৩৫০ নম্বর স্মারকে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ০৬-১০-২০১৬ তারিখে উক্ত কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব প্রদান করেন এবং তার আবেদনের পরিপ্রেক্ষিতে ০৩-১১-২০১৬ তারিখ ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, উক্ত কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব, ব্যক্তিগত শুনানি ও বিভাগীয় মামলার সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

সেহেতু, জনাব মোঃ শফিকুল ইসলাম, উপ সহকারী প্রকৌশলীকে (সিভিল) (সাময়িক বরখাস্তকৃত), সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ এর ২(এ) উপবিধি মোতাবেক "তিরস্কার" দণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ২৫.০১৮.০০৫.০০২.০০.০১৯.২০১৬/৪৪৮**—যেহেতু, জনাব বদরুল হাসান, উপ সহকারী প্রকৌশলী (ই/এম) (সাময়িক বরখাস্তকৃত), গোপালগঞ্জ গণপূর্ত বিভাগে কর্মরত থাকাকালীন শেখ ফজিলাতুন্নেছা মুজিব চক্ষু হাসপাতাল ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান নির্মাণ শীর্ষক প্রকল্পের সোলার প্যানেলের কাজ সঠিকভাবে না করার অভিযোগে এ মন্ত্রণালয়ের ০৯-১০-২০১৬ তারিখের ২৫.০১৮. ০০৫.০০২.০০.০১৯.২০১৬/৩৫৩ নম্বর স্মারকে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ১০-১০-২০১৬ তারিখ উক্ত কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব প্রদান করেন এবং তার আবেদনের পরিপ্রেক্ষিতে ০৩-১১-২০১৬ তারিখ ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, উক্ত কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব, ব্যক্তিগত শুনানি ও বিভাগীয় মামলার সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

সেহেতু, জনাব বদরুল হাসান, উপ সহকারী প্রকৌশলীকে (ই/এম) (সাময়িক বরখাস্তকৃত), সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ এর ২(এ) উপবিধি মোতাবেক "তিরস্কার" দণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শহীদ উল্লা খন্দকার**
সচিব।

---

## ভূমি মন্ত্রণালয়
## জরিপ শাখা-২

### বিজ্ঞপ্তিসমূহ

তারিখ, ১২ পৌষ ১৪২৩ বঙ্গাব্দ/২৬ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৩১.০০.০০০০.৩৬.০৪৯.১৩.১৫-৩১৮**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালা ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭ নং উপ-ধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে:

| ক্রমিক | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (১) | চর বাড়িয়া লামচরি | ৭২ | বরিশাল সদর | বরিশাল |
| (২) | ধানখালী | ১২ | কলাপাড়া | পটুয়াখালী |
| (৩) | ডালবুগঞ্জ | ৪১ | কলাপাড়া | পটুয়াখালী |
| (৪) | সোনাপাড়া | ৪৩ | কলাপাড়া | পটুয়াখালী |
| (৫) | দক্ষিণ লতাচাপলী | ৫৯ | কলাপাড়া | পটুয়াখালী |
| (৬) | লতাচাপলী | ৬০ | কলাপাড়া | পটুয়াখালী |

**নং ৩১.০০.০০০০.০৩৬.০৪৯.০০২.১৫-৩১৯**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালা ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজার স্বত্বলিপিটি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে:

| ক্রমিক | মৌজার নাম | জে এল নং | থানার নাম | জেলার নাম | খতিয়ান নং |
|---|---|---|---|---|---|
| (১) | ওয়ারী | ০১ | সূত্রাপুর | ঢাকা | ৫৩৯২=১টি |

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৬.১১২.১০-৩২০**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালা ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে:

| ক্রমিক | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | দেবপুর | ০৭ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (২) | আনন্দীপুর | ২৮ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৩) | দেওটী | ২৯ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৪) | বড় গোবিন্দপুর | ৪৩ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৫) | উত্তর অভিরামপুর | ১০৩ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৬) | বড় নেওয়াজপুর | ১১৮ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৭) | লাকুরিয়া কান্দি | ১২০ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৮) | ছোট হোসেনপুর | ১৮১ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৯) | রাজুল্লাপুর | ১৮২ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (১০) | বিজয়নগর | ১৮৪ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (১১) | গণি হাকিমপুর | ১৮৭ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (১২) | রামেশ্বরপুর | ২০০ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (১৩) | দক্ষিণ নয়ানপুর | ২০৯ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (১৪) | উত্তর রছুলপুর | ২৪৫ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (১৫) | কাজিনগর | ২৫৩ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (১৬) | ভাঙ্গতী | ২৫৪ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (১৭) | পূর্ব্ব দৌলতপুর | ২৫৮ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (১৮) | মাছিমপুর | ২৬৪ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (১৯) | রথী | ২৭৫ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (২০) | সাহারপাড় | ২৭৯ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (২১) | কাবিলপুর | ২৮০ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (২২) | দুসসীমপাড়া | ২৮৫ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (২৩) | বরল্লা | ২৮৭ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (২৪) | আলোকপাড়া | ২৯৫ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (২৫) | তালহাটি | ৮৬ | লক্ষ্মীপুর সদর | লক্ষ্মীপুর |
| (২৬) | দহশালা চর রুহিতা | ৯৩ | লক্ষ্মীপুর সদর | লক্ষ্মীপুর |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (২৭) | তিতারকান্দি | ১৯৭ | লক্ষ্মীপুর সদর | লক্ষ্মীপুর |
| (২৮) | কামালপুর | ২১৫ | লক্ষ্মীপুর সদর | লক্ষ্মীপুর |
| (২৯) | সোনাপুর | ৬৩ | ফেনী সদর | ফেনী |
| (৩০) | তুলাবাড়িয়া | ৮৫ | ফেনী সদর | ফেনী |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রফিকুল ইসলাম**
যুগ্মসচিব।

---

**শিল্প মন্ত্রণালয়**
**স্বশাসিত সংস্থা-বিসিক শাখা**

**আদেশ**

তারিখ, ০৫ পৌষ ১৪২৩/১৯ ডিসেম্বর ২০১৬

**নং ৩৬.০০.০০০০.০৬৫.১৫.০০৯.১০(অংশ-২)-৩৫৮**—আমি আদিষ্ট হয়ে শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) কর্তৃক বাস্তবায়িত "ক্ষুদ্র ও কুটির শিল্পের উন্নয়নের জন্য জেলাভিত্তিক ২৪টি শিল্পনগরী কর্মসূচি (২য় পর্যায়)" শীর্ষক সমাপ্ত উন্নয়ন প্রকল্পের রাজস্বখাতে সৃজিত নিম্নবর্ণিত ৬(ছয়) ক্যাটাগরির ৪৫(পঁয়তাল্লিশ)টি অস্থায়ী পদ ১ম বছর ০১-০৬-২০১২ হতে ৩১-০৫-২০১৩ তারিখ পর্যন্ত, ২য় বছর ০১-০৬-২০১৩ হতে ৩১-০৫-২০১৪ তারিখ পর্যন্ত এবং ৩য় বছর ০১-০৬-২০১৪ হতে ৩১-০৫-২০১৫ তারিখ পর্যন্ত ০৩(তিন) বছর ভূতাপেক্ষ সংরক্ষণের সরকারি আদেশ নিম্নোক্ত শর্তে জারি করছি :

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | জাতীয় বেতনস্কেল, ২০০৯ অনুযায়ী বেতনস্কেল |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। | কারিগরি কর্মকর্তা | ০৯(নয়)টি | ৮০০০—১৬৫৪০ (১০নং স্কেল) |
| ২। | হিসাবরক্ষক তথা কোষাধ্যক্ষ | ১০(দশ)টি | ৫২০০—১১২৩৫ (১৪নং স্কেল) |
| ৩। | কম্পিউটার অপারেটর/করণিক তথা-মুদ্রাক্ষরিক | ০৫(পাঁচ)টি | ৪৭০০—৯৭৪৫ (১৬নং স্কেল) |
| ৪। | পাম্প ড্রাইভার | ০৭(সাত)টি | আউট সোর্সিং এর নীতিমালার মাধ্যমে পূরণযোগ্য |
| ৫। | পিয়ন/ম্যাসেঞ্জার | ১২(বার)টি | আউট সোর্সিং এর নীতিমালার মাধ্যমে পূরণযোগ্য |
| ১ | ২ | ৩ | ৪ |
| ৬। | দারোয়ান/গার্ড | ২(দুই)টি | আউট সোর্সিং এর নীতিমালার মাধ্যমে পূরণযোগ্য |
| মোট ৬ (ছয়) ক্যাটাগরির = ৪৫(পঁয়তাল্লিশ)টি | | | |

**শর্তসমূহ:**

(ক) মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশ অনুসরণ করতে হবে;

(খ) আউট সোর্সিং এর মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-৫ হতে জারীকৃত ০৭-০৮-২০০৮ তারিখের অম/অবি/ব্যঃনিঃ-৫/ বিবিধ-১/২০০৭/৫৯৭ নং স্মারকে বর্ণিত নীতিমালা অনুসরণ করতে হবে;

(গ) এতদ্‌বিষয়ে প্রচলিত বিধি-বিধান ও অন্যান্য আনুষ্ঠানিকতা অবশ্যই পালন করতে হবে।

২। এ আদেশের মাধ্যমে ১৮-০১-২০১৬ তারিখের ৩৬.০০. ০০০০.০৬৫.১৫.০০৯.১০(অংশ-২)-১৪ নং সরকারি আদেশ বাতিলপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ সরকারি আদেশ জারি করা হলো।

**মোঃ রেজাউল করিম**
সহকারী সচিব।

---

**[একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত]**
**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**অধিশাখা-১৮**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০১ পৌষ ১৪২৩ বঙ্গাব্দ/১৫ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

নং **শিম/শা:১৮/১২বা:উ:বি:-৩/৯৫(অংশ)/৩৯৭**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯২-এর ১৫(১) ধারা অনুযায়ী এ বিশ্ববিদ্যালয়ের বর্তমান ট্রেজারার ড. মোঃ আবু তাহেরকে তাঁর নিয়োগের শর্ত (ক) অনুযায়ী দায়িত্ব থেকে অব্যাহতি প্রদানপূর্বক ঢাকা বিশ্ববিদ্যালয় মুক্তিযোদ্ধা গবেষণা কেন্দ্রের পরিচালক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের অধ্যাপক ড. আশফাক হোসেনকে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করেছেন:

(ক) কোষাধ্যক্ষ পদে তাঁর নিয়োগের মেয়াদ ৪(চার) বছর হবে। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর উপযুক্ত মনে করলে এর পূর্বেই এ নিয়োগাদেশ বাতিল করতে পারবেন;

(খ) কোষাধ্যক্ষ পদে তিনি তাঁর বর্তমান পদের সমপরিমাণ বেতন ভাতাদি পাবেন;

(গ) তিনি কোষাধ্যক্ষ পদ সংশ্লিষ্ট অন্যান্য সুযোগ-সুবিধা ভোগ করবেন;

(ঘ) বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯২ এর ১৫(২)(৩)(৪)(৫) ও (৬) উপধারা মোতাবেক তিনি তাঁর দায়িত্ব পালন করবেন।

(ঙ) এ নিয়োগাদেশ তাঁর যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের অনুমোদনক্রমে

**আবদুস সাত্তার মিয়া**
সহকারী সচিব (বিশ্ববিদ্যালয়)।

**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**
**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**
**সওজ গেজেটেড সংস্থাপন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১২ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৩৫.০২২.০১৫.০০.০০.০৭০.২০১০-৯৫৭**—জনাব জোহরা সুলতানা (৬০২২০৩), উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), সড়ক ও জনপথ অধিদপ্তর, প্রধান প্রকৌশলীল দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ১১(১) বিধি মোতাবেক ২৫-০৭-২০১৬ তারিখ হতে চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

২। প্রচলিত বিধি মোতাবেক তিনি খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম, এ, এন, ছিদ্দিক**
সচিব।

---

**ডিটিসিএ ও ডিএমটিসি অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৭ পৌষ ১৪২৩/২১ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৩৫.০০.০০০০.০৪৮.২২.০০১.১৩-২২২**—মেট্রোরেল আইন, ২০১৫ এর ধারা ১১ এর উপধারা (১) এর উদ্দেশ্য পূরণকল্পে লাইসেন্স প্রদান ও নবায়নের উদ্দেশ্যে মেট্রোরেল বিধিমালা, ২০১৬ এর বিধি-৫ এর আলোকে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে বাছাই কমিটি গঠন করা হলো:

**সভাপতি**

(১) নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ

**সদস্যবৃন্দ**

(২) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক মনোনীত উক্ত বিভাগের অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা

(৩) অর্থ বিভাগ কর্তৃক মনোনীত উক্ত বিভাগের অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা

(৪) সড়ক ও জনপথ অধিদপ্তরের কর্তৃক মনোনীত উক্ত অধিদপ্তরের অতিরিক্ত প্রধান প্রকৌশলী পদমর্যাদার একজন কর্মকর্তা

(৫) লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক মনোনীত উক্ত বিভাগের অন্যূন উপসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা

(৬) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে কর্তৃক মনোনীত উহার অন্যূন পরিচালক পদমর্যাদার একজন কর্মকর্তা

**সদস্য ও সচিব**

(৭) ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত উহার অন্যূন পরিচালক পদমর্যাদার একজন কর্মকর্তা

২। মেট্রোরেল বিধিমালা-২০১৬ এর বিধি-৬ এ বর্ণিত বাছাই কমিটির দায়িত্ব ও কার্যাবলী অনুসারে বাছাই কমিটির কার্যক্রম পরিচালিত হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**দীপঙ্কর মন্ডল**
উপসচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পৌর-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৬ পৌষ ১৪২৩/২০ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৪৬.০০.০০০০.০৬৩.৩২.০০৩.১৬-১৫৩৭**—ময়মনসিংহ পৌরসভার ১, ২ ও ৩ নং ওয়ার্ডের (সংরক্ষিত আসনের) কাউন্সিলর জনাব আতিয়া মনসুর গত ০৮-১১-২০১৬ খ্রিঃ তারিখ মৃত্যুবরণ করায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩৩(১)(চ) মোতাবেক সরকার উল্লিখিত সংরক্ষিত আসনের কাউন্সিলর এর পদ শূন্য ঘোষণা করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রউফ মিয়া**
উপসচিব।